

চাইল্ড কেয়ার সেটিংয়ে বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং অ্যাক্সেসযোগ্যতাকে উদযাপন করার উপায়

পরিবার এবং প্রদানকারীরা একসাথে কী করতে পারে

পরিবারের এবং কমিউনিটির প্রবীণদেরকে তাদের সংস্কৃতির গল্প বা উপকথা শেয়ার করার জন্য (ব্যক্তিগতভাবে বা অনলাইনে) ক্লাসরুমে আসার আমন্ত্রণ জানান।

অন্য সংস্কৃতির সাথে মিথস্ক্রিয়া করার জন্য শিশুরা সেই লোককাহিনীগুলিকে অনুকরণ করে বলতে পারে।

পারিবারিক ছুটির দিন - পিতামাতা/অভিভাবকরা তাদের পারিবারিক অনুষ্ঠানের ভিডিও ক্লিপ প্রদান করতে পারেন এবং বিভিন্ন ঐতিহ্য শেয়ার করতে পারেন।

“আপনার সংস্কৃতির খাবার খাওয়ার দিন” – এতে পরিবার/অভিভাবকের সহায়তার প্রয়োজন হবে। শিশুরা এইভাবে বিভিন্ন সংস্কৃতির খাবারের স্বাদ উপভোগ করতে পারে।

প্রদানকারীরা কী করতে পারে

বাচ্চাদেরকে তাদের মাতৃভাষায় লিখতে ও কথা বলতে উৎসাহিত করা।
বাচ্চাদেরকে তাদের সহপাঠীদের প্রায়শই ব্যবহৃত শব্দ, শুভেচ্ছা, সংখ্যা ইত্যাদি শেখাতে বলা।

বিভিন্ন ভাষায় গান শেখানো এবং গান করা।

বিভিন্ন সংস্কৃতির সংস্পর্শে আসা যেমন টিস্যু পেপার দিয়ে ফুল তৈরি করা এবং বিভিন্ন বাদ্যযন্ত্র/গান/নৃত্যের মাধ্যমে একটি সংস্কৃতিকে তুলে ধরা।

এমন খেলা খেলতে দেওয়া যাতে ইংরেজির প্রয়োজন হয় না – সাধারণ বোর্ড গেম, শিল্পকলা, ব্লক এবং পাজল।

শিশুদেরকে এমন জিনিসগুলি মৌখিকভাবে শেয়ার করতে সাহায্য করা যেগুলি তাদের স্পেশাল করে তোলে।

ভার্চুয়াল ফিল্ড ট্রিপগুলিকে সংযুক্ত করা: দেশ-বিদেশ, জাদুঘর, ইত্যাদি।

প্রশ্ন জিজ্ঞাসা করা ভালো তা বাচ্চাদের শেখানো; স্বীকৃতি এবং মূল্যবোধ শেখানো এবং একখানি ভাল উদাহরণ স্থাপন করা।

শিশু পরিচর্যার স্থান

শিশু পরিচর্যার স্থান, কার্যকলাপ এবং উপকরণগুলি বৈচিত্র্য, সমতা এবং অন্তর্ভুক্তিকে প্রতিফলিত করে এবং সেটি যেন অ্যাক্সেসযোগ্য হয়: পোস্টার এবং ছবি ঝুলিয়ে রেখে এবং গেম, খেলনা ও বই রেখে।

কথোপকথন শুরু করার জন্য আকর্ষণীয় শিল্পকর্মগুলির সন্ধান করুন।

নির্দিষ্ট দেশ/সংস্কৃতির সাথে শিল্পকর্মগুলিকে সংযুক্ত করতে সেখানে একটি মানচিত্র/ গ্লোব রাখুন।

বাচ্চাদের এবং তাদের পরিবারের ছবি ঝুলিয়ে রাখুন।

পরিবারগুলিকে কী তাদের সাংস্কৃতিক অনুষ্ঠানগুলির ছবি ও বর্ণনা দিতে বলুন।

প্রদর্শন করার জন্য শিশুদের বিভিন্ন সাংস্কৃতিক পটভূমির একটি কোলাজ তৈরি করুন।

যোগাযোগের একটি বোর্ড তৈরি করুন – প্রায়শই ব্যবহৃত শব্দাবলী বা অনুশীলনের প্রতীক বা ছবি সহ একটি চার্ট।

